

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি

স্মারক নং বাসুকো.ক.ট্রা. ০৩/২০২১


তারিখঃ ১৬/০২/২০২১ খ্রি.

বিষয়ঃ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট-এর মাসিক বকেয়া চাঁদা পরিশোধ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারীদের বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্ট-এর নির্বাচন ২০২১ আসন্ন। উক্ত আসন্ন নির্বাচনে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সকল কর্মকর্তা-কর্মচারীদের অবাধ অংশগ্রহণের লক্ষ্যে ফেব্রুয়ারি/২০২১ পর্যন্ত বকেয়া চাঁদা (যদি থাকে) সোনালী ব্যাংক, সুপ্রীম কোর্ট শাখায় নির্ধারিত সঞ্চয়ী হিসাব নম্বর-৪৪৩৫৪৩৪০০৫৫৬৪-এ পরিশোধ করা আবশ্যিক। অন্যথায় সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট-এর গঠনতন্ত্রের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট-এর আসন্ন নির্বাচন-২০২১ এ অংশগ্রহণের লক্ষ্যে ফেব্রুয়ারি/২০২১ পর্যন্ত বকেয়া চাঁদা (যদি থাকে) সোনালী ব্যাংক, সুপ্রীম কোর্ট শাখায় নির্ধারিত সঞ্চয়ী হিসাব নম্বর-৪৪৩৫৪৩৪০০৫৫৬৪-এ পরিশোধ করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

আরো উল্লেখ্য যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের যে সকল কর্মকর্তা-কর্মচারীদের সোনালী ব্যাংক, সুপ্রীম কোর্ট শাখায় কোন একাউন্ট (সঞ্চয়ী হিসাব) নেই, তাদেরকে অতিসত্ত্বর সুপ্রীম কোর্ট, সোনালী ব্যাংকে নিজ একাউন্ট (সঞ্চয়ী হিসাব) খুলে অত্র একাউন্ট হতে সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রতি মাসের নির্ধারিত চাঁদা পরিশোধ করার অনাপত্তি পত্র প্রদানের জন্য বলা হলো।


১৬-০২-২০২১

(মোহাম্মদ মেহেদী হাসান)

ডেপুটি রেজিস্ট্রার, আপীল বিভাগ

ও

আহবায়ক

এডহক কমিটি

সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট।

স্মারক নং বাসুকো.ক.ট্রা. ০৩ (১-৫)/২০২১

তারিখঃ ১৬/০২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জারী করা হলোঃ

- ০১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ও সিনিয়র ভাইস চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা ও যুগ্ম সিনিয়র ভাইস চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০৩। ডেপুটি রেজিস্ট্রার (ফৌজদারী-১), হাইকোর্ট বিভাগ, ঢাকা ও ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্ট ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)
- ০৫। নোটিশ বোর্ড (সকল)।
- ০৬। অফিস কপি।
- ০৭। অফিস কপি।